বাংলাদেশ রেলওয়ে নিরাপত্তা বাহিনীতে কর্মরত ইন্সপেক্টরগণের (গ্রেড-১১) পারস্পরিক জ্যেষ্ঠতা তালিকা (খসড়া) প্রণয়ন সংক্রান্ত গঠিত কমিটির কার্যবিবরণী।

ভুমিকা ঃ

বাংলাদেশ রেলওয়ে নিরাপত্তা বাহিনীতে কর্মরত ইন্সপেক্টরগণের পারস্পরিক জ্যেষ্ঠ্যতা তালিকা প্রণয়নের লক্ষ্যে মহাপরিচালকের কার্যালয়ের অফিস আদেশ নং- দপ্তরাদেশ নং-৫৪.০১.০০০০. ০০৫. ৩২. ০০৪.১২-৩৩ তারিখ ০৭-০২-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে ০৪ (চার) সদস্য বিশিষ্ট নিম্নরুপ কমিটি গঠন করা হয় ঃ

| | | |
|---|---|---|
| ১. | চীফ কমান্ড্যান্ট (পূর্ব), আরএনবি, বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম | -আহবায়ক। |
| ২. | চীফ কমান্ড্যান্ট (পশ্চিম), আরএনবি, বাংলাদেশ রেলওয়ে, রাজশাহী | -সদস্য। |
| ৩. | কমান্ড্যান্ট, আরএনবি, বাংলাদেশ রেলওয়ে, লালমনিরহাট | -সদস্য। |
| ৪. | এসপিও (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম | -সদস্য সচিব। |

কমিটির কার্য বৃত্তান্ত ঃ

মহাপরিচালকের কার্যালয়, বাংলাদেশ রেলওয়ে, পার্সোনেল-২ শাখা, রেলভবন, ঢাকার দপ্তরাদেশ নং-৫৪.০১.০০০০. ০০৫. ৩২. ০০৪.১২-৩৩ তারিখ ০৭-০২-২০২৩ খ্রিঃ এর মাধ্যমে গঠিত কমিটি কর্তৃক উভয়াঞ্চলের ১১তম গ্রেডে কর্মরত রেলওয়ে নিরাপত্তা বাহিনীর ইন্সপেক্টগণের তথ্যাদি নির্ধারিত ছকে অত্র দপ্তরে প্রেরণের জন্য নির্দেশ দেওয়া হয়। রেলওয়ে নিরাপত্তা বাহিনীতে কর্মরত ইন্সপেক্টরগণের প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে পারস্পরিক জ্যেষ্ঠতা তালিকা (খসড়া) "নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১" যথাযথভাবে অনুসরণপূর্বক বিধি-৭(১) অনুযায়ী ইন্সপেক্টর পদকে ভিত্তি ধরে তৈরী করে বিধি-৯ মোতাবেক বিজ্ঞপ্তি আকারে প্রকাশ করা হয়। উক্ত জ্যেষ্ঠতা তালিকা (খসড়া) বিজ্ঞপ্তি আকারে প্রকাশের পর প্রণীত একটি আপত্তি গৃহীত হয় এবং আপত্তিসহ উক্ত জ্যেষ্ঠতা তালিকা (খসড়া) মহাপরিচালক, বাংরাদেশ রেলওয়ে মহোদয় বরাবর প্রেরণ করা হয়। পরবর্তীতে মহাপরিচালকের কার্যালয়ের স্মারক নং-৫৪.০১.০০০০.৯৯৫.৩২.০০৮.২৪-৫৫৬, তারিখ: ২৭-০১-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে জানানো হয়, ইন্সপেক্টরগণের জ্যেষ্ঠতা প্রদানের ক্ষেত্রে "নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১" এর বিধি-৪ অনুসারে এসআই পদ হতে গণনা করা যুক্তিযুক্ত। সে প্রেক্ষীতে মহাপরিচালকের কার্যালয়ের স্মারক নং-৫৪.০১.০০০০.০০৫.৩২.০০৮.২৪-৬৬৫, তারিখ: ২৭-০১-২০২৫ খ্রিঃ এর মাধ্যমে উক্ত খসড়া তালিকা পেরণের তাগিদপত্র দেয় হয়।

কমিটি পুনরায় রেলওয়ে নিরাপত্তা বাহিনীতে কর্মরত ইন্সপেক্টরগণের এসআই পদে সরাসরি ও পদোন্নতির মাধ্যমে নিয়োগ সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ পূর্বক "নন ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১" এর বিধি-৪ যথাযথভাবে অনুসরণ করে নিম্নোক্তরূপে তাদের খসড়া জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন করা হলো।

ক্রমিক -০১ এ বর্ণিত ইন্সপেক্টর ২৫-০৫-২০০৪ খ্রিঃ তারিখে এসআই, আরএনবি পদে পদোন্নতি প্রাপ্ত হয়ে উক্ত পদে যোগদান করেন।

ক্রমিক-০২ হতে ক্রমিক ০৬ পর্যন্ত বর্ণিত ইন্সপেক্টরগণ ২০০৬ সনে সরাসরি নিয়োগের মাধ্যমে এসআই পদে যোগদান করেন। তাদের নিয়োগকালীন মেধাক্রম পাওয়া যায় নাই। নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা-২০১১ এর বিধি ৪ (খ) এ বলা হয়েছে " তবে শর্ত থাকে যে, মেধা তালিকা না থাকিলে বা পাওয়া না গেলে তাহাদের পারস্পরিক জ্যেষ্ঠতা বয়সের জ্যেষ্ঠতার ভিত্তিতে নির্ধারিত হইবে " এ কারণে উক্ত ০৫ জন ইন্সপেক্টর এর পারস্পরিক জ্যেষ্ঠতা তাদের বয়সের ভিত্তিতে নির্ধারিত হয়েছে।

ক্রমিক-০৭ ও ০৮ বর্ণিত ইন্সপেক্টরগণ ২৪-১২-২০১২ খ্রিঃ তারিখে সরাসরি নিয়োগপ্রাপ্ত হয়েছেন বিধায় তাদের মেধাক্রমের ভিত্তিতে জ্যেষ্ঠতা নির্ধারিত হয়েছে।

ক্রমিক-০৯ ও ১০ এবং ক্রমিক ১১ হতে ১৫ পর্যন্ত বর্ণিত ইন্সপেক্টরগণ একই পঞ্জিকা বৎসরে এসআই পদে পদোন্নতি ও সরাসরি নিয়োগ পেয়েছেন। বিধি-৪ (গ)(ত)-এ বলা হয়েছে " কোন একটি নির্দিষ্ট পঞ্জিকা বৎসরে নিয়মিত ভিত্তিতে ধারাবাহিক ব্যবস্থায় উচ্চতর পদের পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তা বা কর্মচারীগন ঐ পঞ্জিকা বৎসরে সরাসরি নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা ও কর্মচারীর উপর জ্যেষ্ঠতা পাবেন "। ক্রমিক ০৯ ও ১০ এ বর্ণিত ইন্সপেক্টরগণ পদোন্নতির মাধ্যমে এসআই পদে অধিষ্ঠিত হয়ে তারা একই বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত ক্রমিক-১১ হতে ১৫ পর্যন্ত ইন্সপেক্টরগণের উপর জ্যেষ্ঠতা পেয়েছেন।

ক্রমিক-১১ হতে ১৫ পর্যন্ত বর্ণিত ইন্সপেক্টরগণের এসআই পদে সরাসরি নিয়োগের মেধাক্রম অনুযায়ী করা হয়েছে।

ক্রমিক-১৬ হতে ২১ পর্যন্ত বর্ণিত ইন্সপেক্টরগণের সকলেই পদোন্নতির মাধ্যমে এসআই পদে পদোন্নতি পেয়েছেন। পদোন্নতির তারিখ অনুযায়ী তাদের পারস্পরিক জ্যেষ্ঠতা নির্ধারিত হয়েছে।

ক্রমিক-২২ এ বর্ণিত ইন্সপেক্টরকে ২১-০৮-২০২৪ খ্রিঃ তারিখে ০২ (দুই) বৎসরের জন্য এসআই পদে "পদাবনতি " শাস্তি প্রদান করা হয়। তার বর্ণিত শাস্তির সময় অতিবাহিত হলে তিনি পূনরায় ইন্সপেক্টর পদে গমন করবেন। তিনি পূনরায় ইন্সপেক্টর পদে যোগদান করলে তার জ্যৈষ্ঠতা পূনঃনির্ধারণ করা হবে।

28/05/25

(মোহাঃ আশাবুল ইসলাম)
চীফ কমান্ড্যান্ট (পূর্ব)
আরএনবি, চট্টগ্রাম
ও
আহবায়ক
জ্যেষ্ঠতা প্রণয়ন কমিটি।

নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী রেলওয়ে নিরাপত্তা বাহিনীতে কর্মরত ইন্সপেক্টরগণের পারস্পারিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা ঃ

| ক্র: নং | নাম | বর্তমান পদবী | বর্তমান কর্মস্থল | জন্ম তারিখ | প্রাথমিক নিয়োগ | | | এসআই পদে সরাসরি নিয়োগ/ পদোন্নতির তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পদবী | গ্রেড | সরাসরি নিয়োগ/ যোগদানের তারিখ | | |
| ১ | জনাব মোঃ সহিদুজ্জামান | ইন্সপেক্টর | ঈশ্বরদী (জি) | ৩০-০৬-১৯৬৬ | এএসআই | ১৬ | ২২-০৯-১৯৮৭ | ২৩-০৫-২০০৪ | |
| ২ | জনাব মোহাম্মদ সালামত উল্লাহ | ইন্সপেক্টর | লাকসাম | ১/১/১৯৭৭ | এসআই | ১৪ | ২৬-১১-২০০৬ | ২৬-১১-২০০৬ | |
| ৩ | জনাব মোঃ বেনজুর রহমান | ইন্সপেক্টর | লালমনিরহাট (জি) | ২৯-১১-১৯৭৯ | এসআই | ১৪ | ২০-১১-২০০৬ | ২০-১১-২০০৬ | |
| ৪ | জনাব মোঃ জাহাঙ্গীর আলম | ইন্সপেক্টর | প্রসিকিউশন, ঢাকা | ৩০-১১-১৯৭৯ | এসআই | ১৪ | ২০-১১-২০০৬ | ২০-১১-২০০৬ | |
| ৫ | জনাব মোঃ সালাউদ্দিন ভূঁইয়া | ইন্সপেক্টর | তেজগাঁও | ২০-১১-১৯৮১ | এসআই | ১৪ | ২১-১২-২০০৬ | ২১-১২-২০০৬ | |
| ৬ | জনাব মোঃ সাইদুর রহমান | ইন্সপেক্টর | আইবি, ঢাকা | ১/১/১৯৮৩ | এসআই | ১৪ | ২১-১১-২০০৬ | ২১-১১-২০০৬ | |
| ৭ | জনাব মোহাম্মদ আমান উল্লাহ আমান | ইন্সপেক্টর | চট্টগ্রাম (জি) | ১৫-১২-১৯৮৬ | এসআই | ১৪ | ১০-০১-২০১৩ | ২৪-১২-২০১২ | |
| ৮ | জনাব নুর মোহাম্মদ | ইন্সপেক্টর | ঢাকা (জি) | ৫/১০/১৯৮৬ | এসআই | ১৪ | ০২-০৩-২০১৩ | ২৪-১২-২০১২ | |
| ৯ | জনাব এনায়েত করিম | ইন্সপেক্টর | সিলেট | ১/৭/১৯৮২ | এএসআই | ১৬ | ০৯-১১-২০০৪ | ৩১-১০-২০১৩ | |
| ১০ | জনাব মোহাম্মদ এয়াছিন উল্লাহ | ইন্সপেক্টর | সিজিপিওয়াই | ৪/৬/১৯৮১ | এএসআই | ১৬ | ০৯-১১-২০০৪ | ৩১-১০-২০১৩ | |
| ১১ | জনাব হাসান শিহাবুল ইসলাম | ইন্সপেক্টর | খুলনা (জি) | ১/১২/১৯৮৮ | এসআই | ১৪ | ২৮-০১-২০১৩ | ১৪-০১-২০১৩ | |
| ১২ | জনাব মোঃ মোখলেছুর রহমান | ইন্সপেক্টর | সৈয়দপুর কারখানা | ২৩-১১-১৯৮৭ | এসআই | ১৪ | ২৬-০১-২০১৩ | ১৪-০১-২০১৩ | |
| ১৩ | জনাব মোঃ মেহেদী হাসান | ইন্সপেক্টর | ময়মনসিংহ | ১৬-১০-১৯৮৮ | এসআই | ১৪ | ০৯-০২-২০১৩ | ১৪-০১-২০১৩ | |
| ১৪ | জনাব মোঃ রেজওয়ানুর রহমান | ইন্সপেক্টর | এবি, চট্টগ্রাম | ৯/৮/১৯৮৯ | এসআই | ১৪ | ১৯-০২-২০১৩ | ১৪-০১-২০১৩ | |
| ১৫ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | ইন্সপেক্টর | ঢাকা বিমানবন্দর | ৩১-১০-১৯৮৮ | এসআই | ১৪ | ০৯-০২-২০১৩ | ১৪-০১-২০১৩ | |
| ১৬ | জনাব মোঃ ফিরোজ আহমেদ | ইন্সপেক্টর | পার্বতীপুর (জি) | ১৫-০৫-১৯৮২ | এএসআই | ১৬ | ০৭-১১-২০০৪ | ২৯-০৪-২০১৪ | |
| ১৭ | জনাব মোঃ মনির হোসেন রাহাত | ইন্সপেক্টর | দর্শনা | ৩০-১০-১৯৮০ | এএসআই | ১৬ | ০৯-১১-২০০৪ | ২৯-০৪-২০১৪ | |
| ১৮ | জনাব মোঃ নূর-এ-নবী | ইন্সপেক্টর | সান্তাহার (জি) | ২১-০৩-১৯৮১ | এএসআই | ১৬ | ০৮-১১-২০০৪ | ২৯-০৪-২০১৪ | |
| ১৯ | জনাব মোঃ আহসান হাবীব | ইন্সপেক্টর | আরবিআর প্রসিকিউশন | ১৬-০৩-১৯৮৩ | এএসআই | ১৬ | ২২-১১-২০০৪ | ০১-০৭-২০১৪ | |
| ২০ | জনাব মোঃ ইসরাইল মৃধা | ইন্সপেক্টর | পাহাড়তলী | ১/১/১৯৬৮ | সিপাহী | ১৯ | ১৪-১০-১৯৮৬ | ০২-০৭-২০১৪ | |
| ২১ | জনাব মোঃ নজরুল ইসলাম | ইন্সপেক্টর | এবি, ঢাকা | ১৪-০১-১৯৮১ | এএসআই | ১৬ | ২১-১২-২০০৪ | ৩০-১০-২০১৪ | |
| ২২ | জনাব মো: আলতাফ হোসেন | গত ২১-০৮-২০২৪ তারিখে তাকে ০২ (দুই) বছরের জন্য 'সাব-ইন্সপেক্টর পদে পদাবনতি' শাস্তি প্রদান করা হয়েছে। | | | | | | | | |